কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 9 JULY 2026 ,THURSDAY | ৯ জুলাই ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-217


## নাগরাকাটা-চালসা এলাকায় রেললাইনে উঠে পড়ল হাতির পাল




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ জুলাই :** মঙ্গলবার গভীর রাতে একদল হাতি নাগরাকাটা চালসা এলাকায় রেল লাইনের উপর চলে আসায় ট্রেন থামিয়ে হাতি গুলিকে নিরাপদে রেললাইন পার হওয়ার সাক্ষী থাকলেন লোকো পাইলট সঞ্জিত কুমার এবং সহকারী লোকো পাইলট প্রিন্স তেওয়ারি। দক্ষিণ পূর্ব রেলের বোকারো ষ্টিল প্ল্যান্টের উদ্দেশ্যে রওনা হওয়ার ডোলোমাইট বোঝাই একটি মালবাহী ট্রেন চলাকালীন চালকদের নজরে আসে একদল বুনো হাতি রেললাইন পার হচ্ছে। হাতিগুলি জঙ্গলে ঢোকার পর চালক পুনরায় গাড়ি চালান নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছাবার জন্য। চালকের তৎপরতায় বেঁচে গেল একপাল হাতি।

## ডাঙ্গি শ্মশান ঘাট এলাকার রাস্তা নিয়ে তদন্ত



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ জুলাই :** পি ডব্লিউ ডি রোড থেকে ডাঙ্গি শ্মশান ঘাট পর্যন্ত রাস্তার টেন্ডার হয়েছে দুইবার এমন অভিযোগ মন্ত্রীর কাছে যাওয়ার পরেই বন মন্ত্রীর নির্দেশে কোহিনুর গ্রাম পঞ্চায়েতের ডাঙ্গি শ্মশান ঘাট এলাকায় তদন্ত করতে গেলেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিস থেকে নির্বাচন দপ্তরের আধিকারিক বিপুল মজুমদার এবং ইঞ্জিনিয়ার রঞ্জন কুন্ডু। সাড়ে ৩ লক্ষ টাকা করে দুটি টেন্ডার করা হয়েছে এনআইটি ৩ এবং এনআইটি ১৮। কিন্তু তদন্ত করে দেখা গেছে একটি টেন্ডারের কাজ হয়েছে অপর টেন্ডারের কোন কাজ হয়নি। তবে কোন সাইনবোর্ড পাওয়া যায়নি ডাংগি শ্মশান ঘাট এলাকায়। আধিকারিকদের কাছ থেকে জানা গেছে একটি টেন্ডারে যে পরিমাণ কাজ হওয়ার কথা ছিল তার চেয়ে জব সামান্য  পরিমাণ কাজ হয়নি। উল্লেখ্য গত দু বছর আগে তৎকালীন সমষ্টি উন্নয়ন আধিকারিক নিমা শেরিং শেরপা এবং আলিপুরদুয়ার ২ ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতি ঝুমা দাস দেবনাথ এর সময়ে ব্যাপক পরিমাণ দুর্নীতির অভিযোগ উঠে এসেছে সরকার পরিবর্তন হওয়ার পরেই। সরকারি কর্মীরা জানিয়েছেন উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশেই তদন্ত শুরু হয়েছে। তবে প্রশাসনিক কর্তারা বিষয়টি তদন্ত করছেন।

# ১৮ দফা দাবি নিয়ে সিপিআইএমের বিক্ষোভ ডেপুটেশন যশোডাঙ্গায়




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ জুলাই :** ১৮ দফা দাবির ভিত্তিতে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিসে সমষ্টি উন্নয়ন আধিকারিক এর কাছে ডেপুটেশন প্রদান করলেন সিপিআইএম। বুধবার আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের যশোডাঙ্গা বাস স্ট্যান্ড সংলগ্ন এলাকা থেকে একটি বিশাল মিছিল বের হয়ে বিভিন্ন পথ পরিক্রমা করে যশোডাঙ্গা ব্লক অফিসে গিয়ে পৌঁছায়। সেখানে সিপিআইএম নেতৃত্বরা দীর্ঘক্ষন বিক্ষোভের পাশাপাশি বিজেপি সরকারের তুলোধনা করেন। অন্নপূর্ণা ভান্ডারের টাকা পাচ্ছেন না মহিলারা। বারবার তারা হয়রানির শিকার হচ্ছেন। এস আই আর তালিকা থেকে প্রচুর মানুষের নাম বাতিল হয়ে গেছে। তাছাড়া রাজ্যের নেত্রী মীনাক্ষী মুখার্জির গাড়িতে ডিম বৃষ্টি হওয়ায় তীব্র নিন্দা জানিয়েছেন সিপিআইএম নেতৃত্বরা। এদিন কয়েকশ মহিলা এবং পুরুষ এই ডেপুটেশনে অংশগ্রহণ করেছেন। সমষ্টি উন্নয়ন আধিকারিক দাবী পত্র হাতে নিয়ে সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছেন।

# ভুয়ো অ্যাকাউন্টে ঢুকছে টাকা ,সুস্থ মহিলা হয়ে গেলেন বিকলাঙ্গ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ জুলাই :** সুস্থ মহিলাকে বিকলাঙ্গ বানিয়ে তার নামে ভুয়ো একাউন্ট খুলে টাকা তোলা হচ্ছে দিনের পর দিন। এছাড়াও ওই মহিলা অন্নপূর্ণা ভান্ডার এর আবেদন করতে গেলে দেখতে পান তার লক্ষ্মীর ভান্ডার এর টাকা ঢুকেছে অন্য একটি একাউন্টে। এমনকি ওই মহিলার মেয়ে নাবালিকা হওয়া সত্ত্বেও নাবালিকা মেয়ের নাম ব্যবহার করে লক্ষ্মীর ভান্ডার প্রতিবন্ধী ভাতা এবং স্কলারশিপ এর টাকা তুলে নেওয়া হচ্ছে একটি অ্যাকাউন্ট থেকে। বিষয়টি নিয়ে ওই মহিলা পুলিশের কাছে অভিযোগ দায়ের করেছিলেন গত এক বছর আগে কিন্তু কোন কাজ হয়নি। এবার অন্নপূর্ণা ভাণ্ডারের আবেদন করতে করতে এসে এমনটাই অভিযোগ করলেন তিনি আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিসে দাঁড়িয়ে। মহিলা জানিয়েছেন তার বাড়ি ভাটিবাড়ী এলাকায়। তার অভিযোগ পুরো বিষয়টি তদন্ত করার দাবি জানিয়েছেন তিনি এই চক্রের সঙ্গে কারা জড়িত প্রশাসন তদন্ত করে সেটা জনসম্মুখে তুলে ধরুক।

# বাইক দুর্ঘটনায় মৃত্যু একজনের দুর্গাবাড়ি এলাকায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ জুলাই :** বাইকে দুর্ঘটনায় মৃত্যু হল প্রভাত অধিকারী নামে এক ব্যক্তির তার বাড়ি একত্রিশ নম্বর জাতীয় সড়কের পুটিমারি সেন্ট্রাল ব্যাংকের বিপরীতে। অপরদিকে বাইক চালক কনক বর্মন গুরুতর জখম অবস্থায় চিকিৎসাধীন আলিপুরদুয়ার জেলা হাসপাতালে। শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদকের কাছ থেকে জানা গেছে মঙ্গলবার রাত নটা নাগাদ আলিপুরদুয়ার থেকে পুলিশ ফাঁড়িতে আসার পথে তার সামনেই এই দুর্ঘটনা ঘটে দুর্গাবাড়ি সংলগ্ন ভাটিখানার সামনে। তৎক্ষণাৎ তিনি দুজনকেই আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যান তার নিজস্ব গাড়িতেই। খবর দেওয়া হয় প্রভাত অধিকারীর পরিবারের সদস্যদের। চিকিৎসায় সারা না দেওয়ায় প্রভাত অধিকারী কে উত্তরবঙ্গ মেডিকেল কলেজে স্হানান্তরিত করা হয় রাতেই। ভোররাতে তার মৃত্যু হয়েছে তার মৃতদেহ ময়নাতদন্ত করে বাড়ি নিয়ে আসা হবে জানা গেছে তার পরিবারের কাছ থেকে।

# মদ খেয়ে গাড়ি চালানোর অভিযোগে পশু চিকিৎসকের বিরুদ্ধে মামলা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ জুলাই :** মদ খেয়ে গাড়ি চালানোর অভিযোগে ধারসি চৌপথী এলাকার এক পশু চিকিৎসকের বিরুদ্ধে মামলা শুরু করেছে শামুকতলা ট্রাফিক পুলিশ। সরকারিভাবে তাকে জরিমানা করা হয়েছে দশ হাজার টাকা। মঙ্গলবার রাত এগারোটা নাগাদ ৩১ নম্বর জাতীয় সড়কের শামুকতলা রোড এলাকায় তাকে আটক করা হয়েছে বাইক সমেত। পুলিশ জানিয়েছে সরকারিভাবে তাকে ১০ হাজার টাকা জমা দিতে হবে। জাতীয় সড়কের দুর্ঘটনা কমাতেই পুলিশ লাগাতার অভিযান চালাচ্ছে।

# সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে ২৪ ঘন্টাই সদা তৎপর পুলিশ কর্মীরা




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,৮ জুলাই :** সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে, অপরাধ দমন এবং আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ রাখার লক্ষে , কোচবিহার জেলা পুলিশ সর্বদাই তৎপর । দিনের বেলার পাশাপাশি রাতেও তারা সেই কর্তব্য পালনে প্রবল ভাবে সক্রিয়। এই বিষয়ে এক পুলিশ আধিকারিক জানান, "আমাদের পুলিশ কর্মীরা জেলা জুড়ে দিন-রাত সতর্ক থেকে সক্রিয় ভাবে নিরাপত্তার দায়িত্ব পালন করছেন"।

# পারোকাটা গ্রাম পঞ্চায়েতের প্রধান ইস্তফা দিলেন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ জুলাই :** পারোকাটা গ্রাম পঞ্চায়েতের প্রধান ইস্তফা দিয়েছেন বুধবার। এমনটাই জানা গেছে প্রশাসনিক সূত্রে। বিধানসভা ভোট গণনার পর থেকেই একের পর এক তৃণমূলের গ্রাম পঞ্চায়েত প্রধানেরা ইস্তফা দিতে শুরু করেছেন। ইতিমধ্যেই মাঝেরডাবরি টটপাড়া এক ও দুই চাপরেরপাড় এক এবং দুই ভাটি বাড়ি মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েত প্রধান ইস্তাফা দিয়েছে। বুধবার পারো কাটার প্রধান ইস্তফা পত্র জমা দিলেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনের কাছে। এদিকে গ্রাম পঞ্চায়েত প্রধান ইস্তফা দেওয়ায় খুশির হাওয়া বইছে এলাকায়।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |